দৈনিক
ইত্তেফাক

তারিখ 29 NOV 2007
পৃষ্ঠা ৫ কলাম ৪

# খুলনার ১২০টি ননএমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করার দাবি

॥ খুলনা অফিস ॥

গতকাল বুধবার স্থানীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে শিক্ষা প্রতিষ্ঠান এমপিও বাস্তবায়ন পরিষদের স্থানীয় জেলা সাধারণ সম্পাদক কামাল হোসেন অভিযোগ করে বলেন, সরকারি চাকরির বয়স নিয়ে প্রায় ২ হাজার শিক্ষক কর্মচারি খুলনা জেলার ১২০টি ননএমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে যোগদান করেছিলেন। কিন্তু দীর্ঘ ৬/৭ বছর এমনকি এরও অধিক সময় ধরে এসব শিক্ষক কর্মচারি বেতন পাচ্ছেন না। বিনা পারিশ্রমিকে দীর্ঘদিন ধরে বেতন না পেয়ে এসব শিক্ষক কর্মচারিরা পরিবার পরিজনসহ মানবেতন জীবনযাপন করছে। ফলে তাদের মধ্যে কোমলমতি ছেলে-মেয়েদের শিক্ষা দেবার স্পৃহাও হ্রাস পাচ্ছে। এতে শিক্ষার স্বাভাবিক পরিবেশ নষ্ট হচ্ছে। তিনি বলেন, ২০০৪ সালে গড়ে ওঠা ৮টি শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়। যা শিক্ষকদের সঙ্গে প্রতারণার সামিল। সাংবাদিক সম্মেলনে ননএমপিওভুক্ত শিক্ষকদের শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করে, শিক্ষক কর্মচারিদের বেতন প্রদানের দাবি জানানো হয়। উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি গোলাম মাহমুদুন্নবী ডলার, গাজী মারুফুল কবির, অধ্যক্ষ মইনুর রহমান প্রমুখ।